ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১০১

সাব্রুম, ৩ অক্টোবর, ২০২৫

**সাব্রুম মহকুমা ভিত্তিক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন**

তথ্য ও সংস্কৃতি দপ্তর, সাব্রুম মহকুমা প্রশাসন এবং সাব্রুম নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে গতকাল কে পি মার্কেট প্রাঙ্গণে মহকুমা ভিত্তিক গান্ধী জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সাব্রুম নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন রূপক দাস। এছাড়াও উপস্থিত ছিলেন সাব্রুম মহকুমা ভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য উত্তম কুমার নাথ, পরিতোষ বরুয়া, টুটন দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের দ্বারা পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও ভোরে প্রভাতফেরির আয়োজন করা হয়।

*******